C. মেরু বায়ুর জন্য D. সমুদ্র বায়ুর জন্য

06. সাহারা মরুভূমি সৃষ্টির কারণ হলো-

- A. দক্ষিণ-পশ্চিম পশ্চিমা বায়ু B. উত্তর-পশ্চিম পশ্চিমা বায়ু
C. উত্তর-পূর্ব অয়ন বায়ু D. দক্ষিণ-পূর্ব অয়ন বায়ু

07. বাংলাদেশে কলবৈশাখী বড় কোন দিক থেকে আসে?

- A. উত্তর-পূর্ব B. উত্তর-পশ্চিম
C. দক্ষিণ-পূর্ব D. দক্ষিণ-পশ্চিম

08. পরিচলন বৃষ্টিপাত ঘটে কোন অঞ্চলে?

- A. নিরক্ষীয় অঞ্চলে B. ক্রান্তীয় অঞ্চলে
C. মেরু অঞ্চলে D. উপ-ক্রান্তীয় অঞ্চলে

09. বৃষ্টিচ্যুত অঞ্চল সৃষ্টি হয়-

- A. পর্বতের প্রতিবাহিত ঢালে B. পর্বতের অনুবাহিত ঢালে
C. সমভূমি অঞ্চলে D. সমুদ্র থেকে দূরবর্তী অঞ্চলে

10. পরিচলন বৃষ্টিপাত হয় কোন সময়?

- A. গ্রীষ্মকালে B. শীতকালে C. সারা বছর D. শরৎকালে

11. কী কারণে বায়ু একস্থান থেকে অন্যস্থানে প্রবাহিত হয়?

- A. বায়ুর চাপ ও তাপের পার্থক্য B. বায়ুর গতিপথে পর্বতের অবস্থান
C. চাপ বলয়ের পরিবর্তন হলে D. বজ্র আর্দ্রতার কারণে

12. বায়ুর আর্দ্রতা পরিমাপক যন্ত্র কোনটি?

- A. হাইগ্রোমিটার B. ব্যারোমিটার
C. ন্যানোমিটার D. হাইড্রোমিটার

13. নিরক্ষরেখার উভয় দিকে ৫° - ১০° অক্ষাংশের মধ্যে কোনটি অবস্থিত?

- A. ক্রান্তীয় শান্ত বলয় B. অশু অক্ষাংশ
C. অকসাদ অঞ্চল D. গর্জনশীল চল্লিশ

14. শৈলোৎক্ষেপ বৃষ্টি বাংলাদেশের কোন অঞ্চলে দেখা যায়?

- A. সিলেট B. রংপুর
C. খুলনা D. বরিশাল

15. প্রতি ১ কিলোমিটার উচ্চতার জন্য কত সে. তাপ হ্রাস হলে তাকে বলে ষাভাবিক তাপ হার:

- A. ৪.৫ সে. B. ৬.০ সে. C. ৬.৪ সে. D. ৮.৮ সে.

উত্তরমালা									
01	C	02	A	03	A	04	C	05	A
06	C	07	B	08	A	09	B	10	C
11	A	12	A	13	C	14	A	15	A

16. ক্রান্তীয় শক্তিবলয় বা অশ্ম অক্ষাংশের অবস্থান হলো-
 A. 10° - 20° B. 20° - 25°
 C. 25° - 35° D. 80° - 89°
17. একল পশ্চিমা বায়ু বা গর্জনশীল চল্লিশার অবস্থান হলো-
 A. 20° - 30° দক্ষিণ অক্ষাংশে B. 30° - 80° দক্ষিণ অক্ষাংশে
 C. 80° - 89° দক্ষিণ অক্ষাংশে D. 50° - 50° দক্ষিণ অক্ষাংশে
18. পশ্চিমা বায়ু প্রবাহিত হয়-
 A. ক্রান্তীয় অঞ্চলে B. মেরু অঞ্চলে
 C. মধ্য অক্ষাংশে D. কোনোটিই নয়
19. বিষুবরেখায় অবস্থিত নিম্নচাপ বলয়কে বলা হয়-
 A. অশ্ম অক্ষাংশ B. গর্জনশীল চল্লিশা
 C. অবসাদ অঞ্চল D. বৃষ্টিচ্যায় অঞ্চল
20. "গর্জনশীল চল্লিশা"-র সাথে সম্পর্কযুক্ত বায়ু কোনটি?
 A. মেরু বায়ু B. অয়ন বায়ু
 C. পশ্চিমা বায়ু D. স্থানীয় বায়ু
21. বায়ু উত্তর গোলার্ধে ডান দিকে এবং দক্ষিণ গোলার্ধে বাম দিকে বেঁকে যায়। সূত্রটি হলো-
 A. নিউটনের সূত্র B. ডাল্টনের সূত্র
 C. ফেরেলের সূত্র D. প্যাসকেলের সূত্র

22. উত্তর গোলার্ধে বায়ুপ্রবাহ ডান দিকে বেঁকে যায়, কারণ হলো-
 A. মাধ্যাকর্ষণ শক্তি B. পৃথিবীর পরিক্রমণ
 C. পৃথিবীর আবর্তন D. কোনোটিই নয়
23. নিরক্ষীয় অঞ্চলে দুটি অয়ন বায়ুর সীমানার মাঝখানের পরিবর্তনশীল এলাকাকে বলে-
 A. উষ্ণ সীমান্ত B. শীতল সীমান্ত
 C. আন্তঃক্রান্তীয় অভিসরণ অঞ্চল D. কোনোটিই নয়
24. উত্তর গোলার্ধে কোন মরুভূমিটি অবস্থিত?
 A. সাহারা মরুভূমি B. বৃহৎ ভিক্টোরিয়া
 C. কালাহারি D. আতাকামা
25. কোন মেঘ থেকে বৃষ্টিপাত হয়?
 A. কিউমুলাস B. কিউমুলোনিম্বাস
 C. অলটোষ্ট্রাটাস D. অলটোকিমুলাস

উত্তরমালা									
16	C	17	C	18	C	19	C	20	C
22	C	23	C	22	C	24	A	25	B

ষষ্ঠ অধ্যায়: জলবায়ু অঞ্চল ও জলবায়ু পরিবর্তন

ভূপৃষ্ঠের বিভিন্ন অংশে বিস্তীর্ণ অঞ্চলব্যাপী অনেক সময় একই ধরনের জলবায়ু বিরাজ করে। ভূপৃষ্ঠে অবস্থিত কোনো নির্দিষ্ট অঞ্চলের জলবায়ুর বিভিন্ন উপাদানগুলো যেমন- বায়ুর চাপ, বায়ু প্রবাহ, বায়ুর আর্দ্রতা, মেঘাচ্ছন্নতা, বারিপাত প্রভৃতি একই ধরনের হয় তখন ঐ অঞ্চলটিকে জলবায়ু অঞ্চল বলা হয়। জলবায়ু সর্বদা একইরূপ থাকে না। নানা প্রাকৃতিক কারণে এর পরিবর্তন হয়।

জলবায়ু ও জলবায়ু অঞ্চল

জলবায়ু	পরিবর্তনশীল আবহাওয়ার ওপর নির্ভর করে কোনো স্থানের বায়ুর তাপমাত্রা, চাপ, বৃষ্টিপাত, বায়ু প্রবাহ ইত্যাদির ৩০ থেকে ৪০ বছরের গড় অবস্থাকে সেই স্থানের জলবায়ু বলে। মোট কথা আবহাওয়ার দীর্ঘ দিনের গড়ই জলবায়ু।
জলবায়ু অঞ্চল	বৃষ্টিপাত, উষ্ণতা, বায়ুর চাপ, বায়ু প্রবাহের গতি প্রভৃতির বৈশিষ্ট্যসমূহের ওপর ভিত্তি করে পৃথিবীকে ৪টি জলবায়ু অঞ্চলে বিভক্ত করা হয় এবং পরে বৃষ্টিপাত, উষ্ণতা, অবস্থান ইত্যাদির ওপর ভিত্তি করে এদের পুনরায় কতিপয় ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলে বিভক্ত করা হয়।

জলবায়ুর শ্রেণিবিভাগ

পৃথিবীর বিভিন্ন স্থানের তাপমাত্রার তারতম্যের জন্য পৃথিবীতে বিভিন্ন তাপমণ্ডলের সৃষ্টি হয়েছে। জার্মান আবহবিজ্ঞানী ডব্রিউ কোপেন পৃথিবীর বিভিন্ন স্থানের তাপমাত্রার তারতম্য অনুসারে পৃথিবীকে ৪টি তাপমণ্ডলে বিভক্ত করেন। যথা- (ক) উষ্ণমণ্ডল (খ) উষ্ণ নাতিশীতোষ্ণ মণ্ডল (গ) শীতল নাতিশীতোষ্ণ মণ্ডল ও (ঘ) হিমমণ্ডল। এই ৪টি অঞ্চলকে আবার ১৬টি শ্রেণিতে বিভক্ত করা হয়।

□ জলবায়ু মোট ১৬টি শ্রেণিতে বিভক্ত। যথা-

(ক) উষ্ণ অঞ্চল	১. নিরক্ষীয় জলবায়ু অঞ্চল ২. ক্রান্তীয় সমুদ্র উপকূলীয় অঞ্চল ৩. ক্রান্তীয় মহাদেশীয় অঞ্চল ৪. মৌসুমি অঞ্চল ৫. ক্রান্তীয় মরু অঞ্চল
(খ) নাতিশীতোষ্ণ অঞ্চল	৬. ভূমধ্যসাগরীয় অঞ্চল ৭. পূর্ব উপকূলীয় অঞ্চল ৮. সামুদ্রিক জলবায়ু অঞ্চল ৯. মহাদেশীয় অঞ্চল ১০. মেরুদেশীয় অঞ্চল ১১. সমুদ্র উপকূলীয় অঞ্চল
(গ) মেরুদেশীয় অঞ্চল	১২. শীতল মহাদেশীয় অঞ্চল ১৩. তুন্দ্রা অঞ্চল
(ঘ) পার্বত ও উচ্চভূমি অঞ্চল	১৪. চির তুষারাবৃত অঞ্চল ১৫. ক্রান্তীয় উচ্চভূমি ১৬. মধ্য অক্ষাংশীয় উচ্চভূমি

♦ তুন্দ্রা জলবায়ু- মেরু অঞ্চল ও উপমেরু অঞ্চলের মধ্যবর্তী এলাকায় তুন্দ্রা জলবায়ু বিরাজ করে। সারা বছর বরফাচ্ছন্ন, ক্ষণস্থায়ী গ্রীষ্মকাল, দীর্ঘস্থায়ী শীতকাল ও হিমশীতল জলবায়ু তুন্দ্রা জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য।

জলবায়ু পরিবর্তনশীলতা

সময় ও পরিসরের সঙ্গে সম্পর্ক রেখে অর্থাৎ সমগ্র পৃথিবীর ঐতিহাসিকতার প্রেক্ষিতে জলবায়ুর পরিবর্তন হয়েছে। জলবায়ুর পরিবর্তন ঘটতে পারে ঋতুগত পার্থক্যের ফলে সৃষ্ট বারিপাত, তাপমাত্রা, আর্দ্রতা ও জলীয়বাষ্পাকারে উদ্ভিদরাজি থেকে পানি নির্গমনের ভারতেতম্যের কারণে।

জলবায়ু পরিবর্তনের কারণসমূহ:

- ♦ প্রোট টেকটনিক
- ♦ সৌর শক্তি উৎপাদন
- ♦ কক্ষপথের তারতম্য
- ♦ ক্রমিক ধাক্কা ও আকস্মিক স্থানান্তর
- ♦ আগ্নেয়গিরির অগ্ন্যুপাত
- ♦ সামুদ্রিক পরিবর্তনশীলতা
- ♦ প্রকৃতির ওপর মানুষের অযাচিত হস্তক্ষেপ



চিত্র: জলবায়ুর পরিবর্তন।


হিন হাউস গ্যাসের মানবসৃষ্ট উৎসসমূহ

হিন হাউস গ্যাস	মানবসৃষ্ট উৎসসমূহ
কার্বন ডাইঅক্সাইড (CO ₂)	জীবাশ্ম জ্বালানি, কাঠ পোড়ানো, সিমেন্ট উৎপাদন, বনভূমি নিধন ও ভূমি ও ব্যবহার পরিবর্তন।
মিথেন (CH ₄)	গ্যাস, খনিজ তৈল অথবা কয়লা উত্তোলনকালীন নির্গমন, জীবজগতের ধ্বংস অথবা প্রাণী পোড়ানো, আর্দ্রভূমির ধানচাষ, বর্জ্য বা আবর্জনার স্তুপ, জবেহকৃত পশুর অবশিষ্টাংশ পচন।

অধ্যায়ের অন্যান্য তথ্য

- আরবি ভাষায় 'মওসুম' শব্দের অর্থ- ঋতু।
- নিরক্ষীয় অঞ্চলে প্রায় সারা বৃষ্টি হয়।
- মৌসুমি জলবায়ুর অন্তর্ভুক্ত দেশ- বাংলাদেশ, ভারত, পাকিস্তান, পূর্ব-চীন, দক্ষিণ জাপান, থাইল্যান্ড, পূর্ব-আফ্রিকা, মাদাগাস্কার।
- খনিজ সম্পদে সমৃদ্ধ অঞ্চল- ভূমধ্যসাগরীয় অঞ্চল।
- বাংলাদেশের প্রধান ৩টি ঋতু- শীতকাল (নভেম্বর - ফেব্রুয়ারি), গ্রীষ্মকাল (মার্চ - মে), বর্ষাকাল (জুন - অক্টোবর)।
- বর্ষাকালে বাংলাদেশের উপর দিয়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু প্রবাহিত হয়।
- তাপমাত্রা মাপক যন্ত্রের নাম- থার্মোমিটার।

- পৃথিবীতে তাপ ও শক্তির মূল উৎস- সূর্যের আলো।
- নাতিশীতোষ্ণ অঞ্চলের দেশগুলোতে শীতকালে সবুজ শাক-সবজি উৎপাদনের জন্য যে কাঁচের ঘর তৈরি করে, তাকেই হিন হাউজ বলে।
- হিন হাউজ প্রক্রিয়ার প্রধান গ্যাস হলো- কার্বন ডাই-অক্সাইড।
- সীসী মাছি দেখা যায় যে জলবায়ু অঞ্চলের বনভূমিতে- নিরক্ষীয়।
- মৌসুমী বায়ু যে বায়ুর অন্তর্গত- সাময়িক বায়ু।
- সমুদ্র থেকে দূরবর্তী স্থানের জলবায়ু- চরমভাবাপন্ন।
- নিম্নচাপের কারণে সৃষ্টি হয়- ঘূর্ণিবাত বৃষ্টি।
- কালবৈশাখী সৃষ্টির প্রধান কারণ- নিম্নচাপ।



অনুশীলনী

- নিরক্ষরেখার সন্নিহিতবর্তী দেশগুলোতে কী ধরনের জলবায়ু পরিলক্ষিত হয়?
A. নিরক্ষীয় B. ক্রান্তীয়
C. মৌসুমি D. ভূমধ্যসাগরীয়
- মহাদেশসমূহের পূর্ব প্রান্তে ৩০°- ৪৫° উত্তর ও দক্ষিণ অক্ষাংশের মধ্যে কোন জলবায়ু পরিলক্ষিত হয়?
A. ভূমধ্যসাগরীয় উষ্ণ ও আর্দ্র
B. উপক্রান্তীয় পূর্ব উপকূলীয় আর্দ্র
C. নিরক্ষীয় উষ্ণ ও বৃষ্টিবহুল D. মহাদেশীয় শীতল ও শুষ্ক
- সাধারণত ডিগ্রি অক্ষাংশে মৌসুমি জলবায়ু পরিলক্ষিত হয়?
A. ১২-১৫ B. ১৫-৩০ C. ২৫-৬০ D. ৫৫-৭০
- কোন অঞ্চলে দিন ও রাতের তাপের ব্যাপক পার্থক্য হয়ে থাকে?
A. মেরু B. মরু C. বিষুবীয় D. সুমেরু
- কোন জলবায়ুকে সুদানি জলবায়ু বলা হয়?
A. মৌসুমি B. ক্রান্তীয় সমুদ্র উপকূলীয়
C. ক্রান্তীয় মহাদেশীয় D. ক্রান্তীয় মরুদেশীয়
- মেরুদেশীয় তুষারাবৃত জলবায়ুর বৈশিষ্ট্য কোন অঞ্চলে দেখা যায়?
A. মরুবৃত্তীয় B. উচ্চভূমি C. নিম্নভূমি D. সমভূমি
- পৃথিবীর সুউচ্চ পর্বতগুলো কোন জলবায়ুর অন্তর্গত?
A. ক্রান্তীয় মহাদেশীয় B. ক্রান্তীয় মৌসুমি
C. ক্রান্তীয় শুষ্ক D. ক্রান্তীয় আর্দ্র
- নাতিশীলতোষ্ণ অঞ্চলের আর্দ্র জলবায়ুতে পর্বতের প্রতিবাত পার্শ্ব কোন ধরনের বৃষ্টিপাত হয়?
A. ঘূর্ণি B. সংঘর্ষ C. শৈলোৎক্ষেপ D. পরিচলন
- সারা বছর অধিক উত্তাপ ও বৃষ্টিপাত কোন জলবায়ুর বৈশিষ্ট্য?
A. ভূমধ্যসাগরীয় B. নিরক্ষীয়
C. মৌসুমি D. মেরুদেশীয়
- নিরক্ষীয় শাস্তবলয়ের দিকে বায়ুর গতিবেগ কেমন থাকে?
A. বৃদ্ধি পায় B. ক্রমশ কমে
C. হ্রাস পায় D. ধীরে ধীরে বাড়ে

উত্তরমালা				
01 A	02 A	03 B	04 B	05 C
06 B	07 D	08 C	09 B	10 A

11. কোন অঞ্চলে সারা বছর পরিচলন প্রক্রিয়ায় বৃষ্টিপাত হয়?

- A. নিরক্ষীয় B. মৌসুমি
C. ক্রান্তীয় D. মহাদেশীয়

12. নিরক্ষীয় অঞ্চলে সারাবছর কোন ঋতু থাকে?

- A. বর্ষা B. শীত
C. গ্রীষ্ম D. বসন্ত

13. ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল কত ডিগ্রি উত্তর ও দক্ষিণ অক্ষাংশে অবস্থিত?

- A. ২২° - ৪২° B. ৩৬° - ৪৫°
C. ৩০° - ৪০° D. ৩৫° - ৫০°

14. মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াতে কোন ধরনের জলবায়ু দেখা যায়?

- A. নাতিশীতোষ্ণ B. চরমভাবাপন্ন
C. ভূমধ্যসাগরীয় D. নিরক্ষীয়

15. ভূমধ্যসাগরীয় জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য কী?

- A. বৃষ্টিহীন শীত ও আর্দ্র বর্ষাকালে
B. বৃষ্টিবহুল শীত ও বৃষ্টিহীন গ্রীষ্মকাল
C. বৃষ্টিহীন শীত ও বৃষ্টিবহুল গ্রীষ্মকাল
D. বৃষ্টিবহুল গ্রীষ্ম ও আর্দ্র বর্ষাকাল

16. বার্ষিক সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার ব্যাপক পার্থক্য দেখা যায় কোন জলবায়ু অঞ্চলে?

- A. ভূমধ্যসাগরীয় B. মৌসুমি
C. নিরক্ষীয় D. মেরুদেশীয়

17. কোন জলবায়ুতে আঙ্গুর, আপেল, কমলালেবু, আখরোট ও খুরানী প্রচুর জন্মে?

- A. ভূমধ্যসাগরীয় B. মহাদেশীয়
C. মেরুদেশীয় D. মৌসুমি

18. ভেড়া, ছাগল, অশ্ব, উট, খচ্চর, গাধা, শুয়োর কোন জলবায়ুর প্রধান জীবজন্তু?

- A. নিরক্ষীয় B. মৌসুমি
C. ভূমধ্যসাগরীয় D. নাতিশীতোষ্ণ

19. মৌসুমি জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য কোনটি?

- A. শুষ্ক গ্রীষ্ম ও আর্দ্র বর্ষাকাল B. আর্দ্র গ্রীষ্ম ও শুষ্ক বর্ষাকাল
C. আর্দ্র গ্রীষ্ম ও শুষ্ক শীতকাল D. শুষ্ক গ্রীষ্ম ও আর্দ্র শীতকাল

20. মৌসুমি জলবায়ুকে ক্রান্তীয় মৌসুমি জলবায়ু বলার কারণ কী?

- A. মকরক্রান্তির অবস্থান B. বায়ুর গতিপথ পরিবর্তন
C. বায়ুচাপের তারতম্য D. ক্রান্তীয় অঞ্চলে অবস্থান

21. বাংলাদেশ কোন জলবায়ু অঞ্চলের অন্তর্গত?

- A. ক্রান্তীয় মৌসুমি B. নিরক্ষীয়
C. ক্রান্তীয় মেরুদেশীয় D. উচ্চ নাতিশীতোষ্ণ

22. কোন রেখার কারণে বাংলাদেশে ক্রান্তীয় জলবায়ু বিরাজ করে?

- A. নিরক্ষরেখা B. বিষুবরেখা
C. মকরক্রান্তি D. কর্কটক্রান্তি

23. নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত বাংলাদেশে কোন ঋতু বিরাজ করে?

- A. বসন্ত B. শীত
C. গ্রীষ্ম D. বর্ষা

24. বাংলাদেশে বর্ষাকালের সূচনা হয় কোন বায়ুপ্রবাহ দ্বারা?

- A. মৌসুমি B. মেরু
C. ক্রান্তীয় D. অয়ন

25. বাংলাদেশের সর্বোচ্চ বৃষ্টিপাত কোথায় হয়?

- A. রাজশাহীতে B. সিলেটের লালখানে
C. চট্টগ্রামে D. বরিশালে

26. মেঘ থেকে জলকণার ভূপৃষ্ঠে পতনকে কী বলে?

- A. তুষারপাত B. তুহিনপাত
C. শিশিরপাত D. বৃষ্টিপাত

27. কেলনাকার পাত্র ও ফানের ব্যাস সমান হয় কোন বৃষ্টিমাপক যন্ত্রে?

- A. সাইমন B. অ্যাডাম
C. আব্রাহাম D. লিংকন

28. ফারেনহাইট তাপমান যন্ত্রে হিমাক্ষে ৩২° হতে স্ফুটনাক কত ধরা হয়?

- A. ২১০° B. ২১২°
C. ২১৪° D. ২১৩°

29. বায়ুর আর্দ্রতাকে ইংরেজিতে কি দ্বারা প্রকাশ করা হয়?

- A. Transpiration B. Evapotranspiration
C. Humidity D. Osmosis

30. বায়ুর আর্দ্রতা কোন এককে মাপা হয়?

- A. ডিগ্রি B. সেলসিয়াস
C. সেন্টিগ্রেড D. গ্রেইন

31. হাইগ্রোমিটার-এর সাহায্যে বায়ুর কোন উপাদানগত অবস্থা মাপা হয়?

- A. আর্দ্রতা B. তাপমাত্রা
C. চাপ D. বায়ুপ্রবাহ

32. শীতপ্রধান দেশে কীভাবে ছিন হাউস তৈরি করা হয়?

- A. কাঁচ দিয়ে ঘর তৈরি করে
B. বেশি করে গাছপালা লাগিয়ে
C. আলো জ্বালিয়ে তাপ সৃষ্টি করে
D. কৃত্রিমভাবে বৃষ্টির ব্যবস্থা করে

উত্তরমালা									
11	A	12	C	13	C	14	C	15	B
16	A	17	A	18	C	19	C	20	D
21	A								

উত্তরমালা									
22	D	23	B	24	A	25	B	26	D
27	A	28	B	29	C	30	D	31	A
32	A								


সপ্তম অধ্যায়: বারিমণ্ডল

বারিমণ্ডল (Hydrosphere)

পৃথিবী গ্যাসীয় অবস্থা হতে বর্তমান কঠিন অবস্থায় উপনীতি হওয়ার সময় ভূপৃষ্ঠ অসমভাবে সংকুচিত হয়েছে বলে তার কতক অংশ উঁচু এবং কতক অংশ নিচু। নিচু পানি সম্বন্ধিত অংশসমূহকে বারিমণ্ডল বলে। গঠনগতভাবে বারিমণ্ডল ভূত্বকের অংশ ভূপৃষ্ঠের প্রায় ৭১% শতাংশ বারিমণ্ডলের অন্তর্ভুক্ত। গভীরতা অনুসারে বারিমণ্ডল ৪টি ভাগে বিভক্ত। যেমন- মহাসাগর, সাগর, নদী ও হ্রদ।

ভূপৃষ্ঠ পানির উৎস

ভূপৃষ্ঠের মোট আয়তন ৫১০ মিলিয়ন বর্গ কিলোমিটার (১৯৭ মিলিয়ন বর্গ মাইল)। এর মধ্যে সমুদ্রের আয়তন প্রায় ৩৬১ মিলিয়ন বর্গ কিলোমিটার যা পৃথিবীপৃষ্ঠের মোট আয়তনের শতকরা ৭০.৮ ভাগ। মহাসাগরগুলো আমাদের গ্রহের প্রায় শতকরা ৯৭ ভাগ পানি ধারণ করছে। (ভূগোল প্রথম পত্র- অক্ষরপত্র প্রকাশনী)



চিত্র: পানিচক্র

প্রশান্ত মহাসাগর

ভূপৃষ্ঠের এক-তৃতীয়াংশ স্থান জুড়ে রয়েছে (বিশ্বের বৃহত্তম মহাসাগর)।

এই অধ্যায়ের আরো কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়

বিষয়	সংজ্ঞা ও তথ্য
বিনুক অঞ্চল	তটদেশীয় অঞ্চলের পর হতে মহাসাগরীয় সীমা পর্যন্ত বিস্তৃত অংশকে বিনুক অঞ্চল বলে। সমুদ্রতট বলতে এ অঞ্চলকেই বোঝায়।
মহাসাগর	পৃথিবীর মহাদেশসমূহের চতুর্দিকে স্থলভাগের কিছু অংশ অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে। এরূপে সমুদ্রের গভীরে ক্রমশঃ নিমজ্জিত অংশকে মহাসাগর বলে।
মহীঢাল	মহাসাগরীয় সীমা হতে ভূভাগ খাড়াভাবে নেমে সমুদ্রের গভীর তলদেশের সাথে মিশে গেছে। সমুদ্রের এ ঢাল অংশকে মহীঢাল বলে।
সোয়াচ অব নো গ্রাউন্ড	বঙ্গোপসাগরের তলদেশের অন্যতম গভীর সমুদ্রের খাত হলো সোয়াচ অফ নো গ্রাউন্ড। এটি বঙ্গোপসাগরের সবচেয়ে উল্লেখযোগ্য ভূমিরূপ বৈশিষ্ট্যসম্পন্ন খাত।
ম্যারিয়ানা খাত	প্রশান্ত মহাসাগরে গুয়াম দ্বীপের ৩২২ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে একটি গভীর সমুদ্র খাত রয়েছে যেটি ম্যারিয়ানা খাত নামে পরিচিত। এর গভীরতা ১০.৮৬ কিলোমিটার এবং এটিই পৃথিবীর গভীরতম খাত।
শৈলশিরা	সমুদ্রের অভ্যন্তরের আগ্নেয়গিরি হতে লাভা বেরিয়ে এসে সমুদ্রগর্ভে সঞ্চিত হয়ে প্রশান্ত সুদীর্ঘ ভূমিরূপ গঠন করলে তাকে শৈলশিরা বলে। শৈলশিরা ২ প্রকার। যথা- আবদ্ধ শৈলশিরা এবং কর্তিত শৈলশিরা।
আগ্নেয় দ্বীপ বলয়	বক্রাকারে সজ্জিত আগ্নেয় দ্বীপপুঞ্জ ও তার ভেতরের জীবন্ত আগ্নেয়গিরিগুলো সামুদ্রিক গিরিখাতের সাথে সম্পৃক্ত হলে এগুলোকে আগ্নেয় দ্বীপ বলয় বলে।
সহজাত পানি	পাললিক শিলা সৃষ্টির সময় শিলার মধ্যে যে সামান্য পানি থেকে যায় তাকে সহজাত পানি বলা হয়। পলল ভূমির মাটিতে এই ধরনের পানি অবস্থান করে।
তটদেশীয় অঞ্চল	ভূত্বকের যে স্থানের মধ্যে জোয়ার-ভাটার সময় পানি ওঠানামা করে তাকে তটদেশীয় অঞ্চল বলে।

- এই মহাসাগরের নামকরণ করেন- নাবিক ম্যাগেলান।
- প্রশান্ত মহাসাগরের উল্লেখযোগ্য দ্বীপপুঞ্জ- বিসমার্ক দ্বীপপুঞ্জ, সলোমন দ্বীপপুঞ্জ, ফিজি, ভানুয়াতু এবং নিউ ক্যালিডোনিয়া দ্বীপপুঞ্জ।

আটলান্টিক মহাসাগর

- বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মহাসাগর (প্রশান্ত মহাসাগরের অর্ধেক)।
- পুরাতন পৃথিবীকে নতুন পৃথিবী থেকে আলাদা করে রাখে- আটলান্টিক মহাসাগর।
- আটলান্টিক মহাসাগরের অপর নাম- অতলাস্ত মহাসাগর।
- আটলান্টিক মহাসাগরের উল্লেখযোগ্য দ্বীপপুঞ্জ- গ্রিনল্যান্ড দ্বীপপুঞ্জ, কেপ ভার্দে দ্বীপপুঞ্জ, ব্রিটিশ দ্বীপপুঞ্জ, সেভেজ দ্বীপপুঞ্জ, এলিজাবেথ দ্বীপপুঞ্জ ইত্যাদি।

এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য

- পৃথিবীর পানির প্রধান উৎস- সাগর, মহাসাগর, উপসাগর, খাল, বিল, হ্রদ, হাওড় ও পুকুর। এখানে মোট পানির ৯৭% জমা আছে। যা মানুষের ব্যবহার উপযোগী নয়।
- পৃথিবীর স্বাদু পানির উৎস- নদী, হ্রদ, ভূগর্ভ, জীবমণ্ডল, বায়ুমণ্ডলে জমা আছে। এখানে ৩% স্বাদু পানি রয়েছে। যা মানুষের ব্যবহার উপযোগী।
- ভূপৃষ্ঠের ৭১% বারিমণ্ডল অর্থাৎ পানিতে আবৃত।
নোট: ভূগোল প্রথম পত্র; মোয়াজ্জেম হোসেন চৌধুরী বই থেকে নেওয়া।

01. মহাদেশের প্রান্ত থেকে সাগরের দিকে নিমজ্জিত অংশের নাম কী?
A. মহীচাল B. মহীক্ষীতি
C. মহীসোপান D. বিনুক অঞ্চল
02. মহাসাগর থেকে সাগর আংশিকভাবে বিচ্ছিন্ন থাকে কোনটি দ্বারা?
A. জলপ্রপাত B. পানি বিভাজিকা
C. প্রাকৃতিক ভূপ্রকৃতি D. হ্রদ
03. আর্কটিক সাগরের শতকরা কত ভাগ অঞ্চল সারা বছরই বরফে আবৃত থাকে?
A. ৩০ B. ৫০ C. ৭০ D. ৮০
04. আমাজান ও কঙ্গো নদীর প্রবাহিত পানি কোন সাগরে পতিত হয়ে আটলান্টিক মহাসাগরে মিলিত হয়েছে?
A. আর্কটিক B. মেসিজিকো
C. ক্যারিবিয়ান D. বাস্টিক
05. পৃথিবীর কঠিন ভূত্বকের উপর লবণাক্ত পানিপূর্ণ খাত কোনটি?
A. হিমসাগর B. মহাসাগর
C. মহীসোপান D. মহীচাল
06. মহাদেশকে আবৃত করে ফেসব জলরাশি অবস্থিত সেগুলোকে কী বলে?
A. সাগর B. মহাসাগর C. উপত্যকা D. হ্রদ
07. প্রশান্ত মহাসাগরের আকৃতি কীসের মতো?
A. বৃন্দাকার ত্রিভুজ B. স্কুদ্রাকার ত্রিভুজ
C. ইংরেজি অক্ষর 'S' D. আঁকাবাঁকা
08. কোন মহাসাগরের গভীরতা সবচেয়ে বেশি?
A. প্রশান্ত B. ভারত C. আটলান্টিক D. উত্তর
09. পৃথিবীর গভীরতম গিরিখাত ম্যারিয়ানা এর গভীরতা কত কি.মি.?
A. ৯.৮ B. ১০.৫ C. ১১.০ D. ১১.২
10. প্রশান্ত মহাসাগরের বড় দ্বীপগুলো কীসের ফলে সৃষ্টি হয়েছে?
A. ভূমিকম্প B. অগ্ন্যুৎপাত
C. সমুদ্রশ্রোত D. জোয়ার-ভাটা
11. আটলান্টিক মহাসাগরের আকৃতি ইংরেজি কোন অক্ষরের মতো?
A. L B. V C. U D. S
12. কোন মহাসাগরের মহীসোপান বৃহত্তম?
A. প্রশান্ত B. ভারত C. দক্ষিণ D. আটলান্টিক
13. বঙ্গোপসাগরের দক্ষিণ দিকে কোন মহাসাগর অবস্থিত?
A. প্রশান্ত B. ভারত
C. আটলান্টিক D. উত্তর
14. ভারত মহাসাগর আফ্রিকা মহাদেশের কোন বিন্দুকে স্পর্শ করেছে?
A. ক্রাজিকরি B. ডব্রাহেড
C. কেপ অব গুড হোপ D. কেপ অব গুড হর্ন

15. মৌসুমি বায়ু সৃষ্টি হয় কোন মহাসাগরে?
A. প্রশান্ত B. আটলান্টিক
C. উত্তর D. ভারত
16. ভূপৃষ্ঠের উপর দিয়ে পানির প্রবাহকে কী বলা হয়?
A. গুভার ল্যান্ড ফ্লো B. গ্রুফো
C. সিটম ফ্লো D. ওয়াটার ফ্লো
17. মহাদেশ ও মহাসাগরের সংযোগস্থল থেকে সাগরের দিকে নিমজ্জিত অংশের নাম কী?
A. গিরিখাত B. মহীচাল
C. মহীসোপান D. মহীক্ষীতি
18. পৃথিবীপৃষ্ঠের শতকরা কত ভাগ সমুদ্র দখল করে আছে?
A. ৭০.৫ B. ৭০.৮ C. ৭১.৫ D. ৭১.৮
19. সমুদ্র উপকূলভাগের ভূপ্রকৃতি পার্বত্যময় ও খাড়া ঢালযুক্ত হলে মহীসোপান কী প্রকৃতি হয়?
A. অগভীর B. গভীর C. প্রশান্ত D. অপ্রশান্ত
20. অধিকাংশ সামুদ্রিক গিরিখাত কোন মহাসাগরে অবস্থিত?
A. প্রশান্ত B. ভারত C. আটলান্টিক D. উত্তর
21. প্রশান্ত মহাসাগরের শীর্ষ দেশ কোন প্রণালি থেকে ক্রমশ দক্ষিণ দিকে বিস্তৃতি লাভ করেছে?
A. হরমুজ B. পক C. বেরিং D. কসফরাস
22. টাঙ্কারোবা খাতের আরেক নাম কী?
A. টোঙ্গা B. কিউরাইল C. ফনিঞ্জ D. কারমাদেক
23. আয়েয়গিরির অগ্ন্যুৎপাতের ফলে সৃষ্ট দ্বীপ কোনটি?
A. ব্র্যাক ফরেস্ট B. হেনরী ইউতাহ
C. বিগহর্ন D. হাওয়াই
24. কোন সাগরের তিন দিকই ছিল দ্বারা বেষ্টিত?
A. বঙ্গোপসাগর B. কৃষ্ণ
C. আরব D. লোহিত
25. কোনটির ভারতম্যের ফলে পানির রূপান্তর ঘটে?
A. জলবায়ু B. জলীয়বাষ্প
C. বায়ুচাপ D. তাপমাত্রা
26. বঙ্গোপসাগরের কোন দিকে বাংলাদেশ সংলগ্ন মহীসোপান বেশ প্রশস্ত?
A. পূর্ব B. পশ্চিম C. উত্তর D. দক্ষিণ
27. ভারত মহাসাগরীয় শৈলশিরা কোন সাগরের মধ্যে বরাবর এশিয়া থেকে আফ্রিকাকে বিচ্ছিন্ন করেছে?
A. লোহিত B. নীল C. ক্যারিবিয়ান D. পারস্য
28. দ্বীপবলয় কোন মহাসাগরে বেশি দেখা যায়?
A. আটলান্টিক B. ভারত C. প্রশান্ত D. দক্ষিণ

উত্তরমালা									
01	C	02	C	03	C	04	A	05	B
06	B	07	A	08	A	09	C	10	B
11	D	12	D	13	B	14	C		

উত্তরমালা									
15	D	16	A	17	C	18	B	19	D
20	A	21	C	22	B	23	D	24	A
25	D	26	C	27	A	28	C		

অষ্টম অধ্যায়: সমুদ্রশ্রোত ও জোয়ার-ভাটা

সমুদ্রশ্রোত
সাগর ও মহাসাগরের পানির নির্দিষ্ট ও নিয়মিত প্রবাহকে সমুদ্রশ্রোত বলে। সমুদ্রশ্রোত ২ প্রকার। যথা- উষ্ণ শ্রোত ও শীতল শ্রোত।

সমুদ্রশ্রোতের কারণ

বায়ুপ্রবাহ	➤ স্থলভাগের অবস্থান
পৃথিবীর আবর্তন	➤ অসম বাষ্পীভবন
উষ্ণতার তারতম্য	➤ সমুদ্রের গভীরতা
লবণাক্ততার তারতম্য	

জোয়ার-ভাটা

চন্দ্র-সূর্যের আকর্ষণ শক্তি এবং পৃথিবীর কেন্দ্রাতিক শক্তি প্রভৃতির কারণে সমুদ্রের পানি নির্দিষ্ট সময় অন্তর এক এক জায়গায় ফুলে উঠে, আবার অন্য জায়গায় নেমে যায়। সমুদ্রের পানির প্রভাবে ফুলে উঠাকে জোয়ার এবং নেমে যাওয়াকে ভাটা বলে।

জোয়ার-ভাটার কারণ

- (ক) মহাকর্ষ শক্তির প্রভাব
- (খ) কেন্দ্রাতিগ শক্তির প্রভাব

জোয়ার ৪টি শ্রেণিতে বিভক্ত

বিষয়	সংজ্ঞা ও তথ্য
(১) ভরা কটাল	পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। এর ফলে এই দুই সময়ে জোয়ারের পানি খুব বেশি পরিমাণে ফুলে ওঠে। পানির এ ফুলে ওঠাকে ভরা কটাল বা তেজ কটাল বলে।
(২) মরা কটাল	অষ্টমী তিথিতে চন্দ্র ও সূর্য সমসূত্রে না থেকে উভয়ই পৃথিবীর সাথে এক সমকোণে থেকে পৃথিবীকে আকর্ষণ করে। ঐ দিন তারা পৃথিবীকে আড়াআড়িভাবে আকর্ষণ করে, ফলে আকর্ষণের বেগ অনেক কম হয়। ঐ সময়ে চন্দ্রের দিকে জোয়ার ও সূর্যের দিকে ভাটা হয়। সূর্যের আকর্ষণের কারণে চন্দ্রের দিকে পানি বেশি স্ফীত হতে পারে না বলে এ জাতীয় জোয়ারকে মরা কটাল বলে।
(৩) মুখ্য জোয়ার	প্রধানত চন্দ্রের আকর্ষণেই জোয়ার-ভাটা সংঘটিত হয়। কিন্তু চন্দ্র এক স্থানে স্থির থাকে না। তা পৃথিবীর চারদিকে সর্বদা ঘুরছে। আবর্তনকালে পৃথিবীর যে অংশ চন্দ্রের নিকটবর্তী হয়, সেখানে চন্দ্রের আকর্ষণ সর্বাপেক্ষা বেশি হয়। এ আকর্ষণে চারদিক হতে পানি এসে চন্দ্রের দিকে ফুলে ওঠে এবং জোয়ার হয়। এরূপে সৃষ্ট জোয়ারকে মুখ্য জোয়ার বা প্রত্যক্ষ জোয়ার বলা হয়।
(৪) গৌণ জোয়ার	চন্দ্র পৃথিবীর যে পাশে আকর্ষণ করে তার বিপরীত দিকে পৃথিবীর আকর্ষণ শক্তির প্রভাব অপেক্ষাকৃত কম। আবার পানির নিচে যে কঠিন স্থলভাগ রয়েছে তা পৃথিবীর সাথে দৃঢ়ভাবে আবদ্ধ। কাজেই তার ওপর চন্দ্রের আকর্ষণ কেন্দ্র স্থলের আকর্ষণেরই সমান। ফলে বিপরীত দিকের জলরাশি অপেক্ষা স্থলভাগ চন্দ্রের দিকে বেশি আকৃষ্ট হয়। এ সময় চন্দ্রের বিপরীত দিকের জলরাশির ওপর মহাকর্ষ শক্তির প্রভাব কমে যায় এবং কেন্দ্রাতিগ শক্তির সৃষ্টি হয়। এতে চারদিক হতে পানি ঐ স্থানে এসে জোয়ারের সৃষ্টি করে। এভাবে চন্দ্রের বিপরীত দিকে যে জোয়ার হয় তা গৌণ জোয়ার বা পরোক্ষ জোয়ার।



অমাবস্যার ভরা কোটাল
চিত্র: জোয়ার-ভাটা কারণ ও ধরণ।

জোয়ার-ভাটার ফলাফল

জোয়ার-ভাটার বিপুল শক্তির উৎস এবং তা মানুষের জন্য যথেষ্ট কল্যাণ বয়ে আনে। অর্থনৈতিক কর্মক্রমের উপরও জোয়ার-ভাটার ব্যাপক প্রভাব রয়েছে।

কল্যাণকর প্রভাব

- ১ নদীবন্দর বরফমুক্ত থাকা
- ২ বন্দরের সুবিধা
- ৩ লবণ উৎপাদন
- ৪ নদীমুখের নাব্য রক্ষা
- ৫ পানিবিদ্যুৎ উৎপাদন করা
- ৬ মাছ পালন ও শিকার
- ৭ নদীর পানি নির্মল থাকা

ক্ষতিকর প্রভাব

প্রবল জোয়ারের কারণে অনেক সময় নদী বা সমুদ্রের পানি পার্শ্ববর্তী শস্যক্ষেত্রে ঢুকে পড়ে। ফলে শস্যের ক্ষতিসাধন হয়। আবার অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে নদীতে জোয়ারের বান সৃষ্টি হলে নৌকা, লঞ্চ ডুবে যায় এবং পার্শ্ববর্তী অঞ্চলে পানি প্রবেশ করে জানমালের ক্ষতি হয়।

আরো জানতে হবে

- ◆ ১৯৬৬ সালে সর্বপ্রথম জোয়ার-ভাটার বৈদ্যুতিক শক্তিকেন্দ্র স্থাপন করা হয়- ফ্রান্সের লা-রাঞ্চ ফাঁড়িতে।
- ◆ ল্যাভ্রাডর শ্রোতের রং- সবুজ।
- ◆ উপসাগরীয় হলো- একটি উষ্ণ শ্রোত।
- ◆ দক্ষিণ আটলান্টিক মহাসাগরে কুমেরু শ্রোত সৃষ্টি হয়ে যে দিকে প্রবাহিত হয়- উত্তর-পূর্ব।
- ◆ নিরক্ষীয় প্রতিশ্রোত নিরক্ষরেখা বরাবর যে দিকে প্রবাহিত হয়- পশ্চিম থেকে পূর্বে।
- ◆ নিরক্ষীয় অঞ্চলে সূর্য কিরণ দেয়- লম্বভাবে।
- ◆ সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত- ৫ : ১১।
- ◆ সমুদ্রশ্রোত যে বায়ুর গতিপথ অনুসরণ করে- নিয়ত বায়ুর।
- ◆ যে স্থানে মুখ্য জোয়ার শুরু হওয়ার যত সময় পরে পুনরায় সেখানে মুখ্য জোয়ার শুরু হবে- ২৪ ঘণ্টান, ৫২ মিনিট।
- ◆ অষ্টমী তিথিতে যে জোয়ার দেখা যায়- মরা কটাল।
- ◆ সমুদ্রশ্রোতের প্রধান কারণ- বায়ুপ্রবাহ।
- ◆ জোয়ার ভাটা সংঘটনের প্রধান কারণ- চন্দ্রের আকর্ষণ।
- ◆ চন্দ্র যে পার্শ্ব থাকে সে পার্শ্ব মুখ্য জোয়ার সংঘটিত হয়।

অনুশীলনী

01. সমুদ্রশ্রোত কোন বায়ুর গতিপথ অনুসরণ করে?
A. নিয়ত B. মৌসুমি
C. প্রত্যয়ন D. অয়ন
02. কোন কারণে সমুদ্রের পানি পশ্চিম থেকে পূর্ব দিকে আবর্তিত হয়ে সমুদ্রশ্রোত সৃষ্টি করে?
A. পৃথিবীর আবর্তনের B. তাপমাত্রার
C. বায়ুপ্রবাহের D. সমুদ্রের গভীরতার
03. নিরক্ষীয় অঞ্চলে সূর্য কীভাবে কিরণ দেয়?
A. উলম্বভাবে B. লম্বভাবে
C. সমান্তরালভাবে D. তির্যকভাবে
04. কোনটির কারণে একটি মূল শ্রোত থেকে একাধিক শ্রোতের জন্ম হয়?
A. ভূভাগের অবস্থান B. সমুদ্রের গভীরতা
C. বাষ্পীভবনের তারতম্য D. পৃথিবীর আবর্তন
05. মাদাগাস্কার শ্রোতের সৃষ্টির কারণ কী?
A. ভূভাগের অবস্থান B. সমুদ্রের লবণাক্ততা
C. বাষ্পীভবনের তারতম্য D. বায়ু চাপ

06. সূর্যের কিরণ সমুদ্র তলদেশে কত মিটারের বেশি প্রবেশ করতে পারে না?
A. ২০০ B. ২০৫ C. ২১০ D. ২১৫
07. কোন বায়ুর প্রভাবে দক্ষিণ আটলান্টিক মহাসাগরে কুমেরু শ্রোত সৃষ্টি হয়?
A. অয়ন B. প্রত্যয়ন C. নিয়ত D. মৌসুমি
08. দক্ষিণ আটলান্টিক মহাসাগরে কুমেরু শ্রোত সৃষ্টি হয়ে কোন দিকে প্রবাহিত হয়?
A. দক্ষিণ-পূর্ব B. উত্তর-পূর্ব
C. দক্ষিণ-পশ্চিম D. উত্তর-পশ্চিম
09. দক্ষিণ নিরক্ষীয় শ্রোত দক্ষিণ আমেরিকার পূর্ব উপকূলের কোন অন্তরীপে বাধাপ্রাপ্ত হয়?
A. হর্ন B. কেপভার্ড C. সেন্টরক D. উত্তমাশা
10. দক্ষিণ নিরক্ষীয় শ্রোত কোন দ্বীপের নিকট দুই ভাগে বিভক্ত হয়েছে?
A. মাদাগাস্কার B. ক্যানারি C. কমোরো D. ফকল্যান্ড

উত্তরমালা				
01 A	02 A	03 B	04 A	05 A
06 C	07 B	08 B	09 C	10 A

11. ফেরেলের সূত্রানুসারে দক্ষিণ গোলার্ধে কোন শ্রোত ঘড়ির কাটার বিপরীত দিকে প্রবাহিত হয়?
A. উপসাগরীয় B. ক্যানারী C. ব্রাজিল D. আণ্ডলহাস
12. কোনটি উষ্ণ শ্রোত?
A. পশ্চিম গ্রীনল্যান্ড B. পূর্ব গ্রীনল্যান্ড শ্রোত
C. ল্যাব্রাডর শ্রোত D. উপসাগরীয় শ্রোত
13. কোন শ্রোতটি মেক্সিকো উপসাগরে প্রবেশ করে উপসাগরীয় শ্রোত নাম ধারণ করে?
A. ক্যানারি B. বাহামা C. কিউয়েন D. ল্যাব্রাডর
14. উপসাগরীয় শ্রোতের পানির রং কী?
A. সবুজ B. লাল
C. হালকা সবুজ D. গাঢ় নীল
15. কোন শ্রোত ধরে কলম্বাস ও আমেরিগো ডেসপুচি ক্যারিবীয় দ্বীপপুঞ্জ ও আমেরিকা শৌছান?
A. উত্তর নিরক্ষীয় B. দক্ষিণ নিরক্ষীয়
C. উপসাগরীয় D. ইরমিনজার
16. উত্তর নিরক্ষীয় শ্রোতের যে শাখা বাহামা দ্বীপপুঞ্জের পাশ দিয়ে উপসাগরীয় শ্রোতের সাথে মিলিত হয় তাকে কোন শ্রোত বলে?
A. বাহামা B. কেউয়েন C. ল্যাব্রাডর D. উষ্ণ উপসাগরীয়
17. ল্যাব্রাডর শ্রোতের রং কীরূপ?
A. লাল B. গোলাপী C. নীল D. সবুজ
18. নিরক্ষীয় প্রতিশ্রোত নিরক্ষরেখা বরাবর কোন দিকে প্রবাহিত হয়?
A. পূর্ব থেকে পশ্চিমে B. পশ্চিম থেকে পূর্বে
C. পূর্ব থেকে উত্তরে D. পশ্চিম থেকে উত্তরে
19. কোন শ্রোত পথে সহজেই উত্তর আমেরিকা থেকে ইউরোপ যাত্রা যায়?
A. ল্যাব্রাডর B. উত্তর নিরক্ষীয়
C. দক্ষিণ নিরক্ষীয় D. উষ্ণ উপসাগরীয়

20. উত্তর আটলান্টিক শ্রোত প্রবাহের প্রবাবে কোন উপকূল বরফ মুক্ত থাকে?
A. যুক্তরাষ্ট্র ও নরওয়ের B. ডেনমার্ক ও নরওয়ের
C. ব্রিটিশ ও নরওয়ের D. ব্রিটিশ ও ডেনমার্কের
21. কোন মহাসাগরে কোনো শীতল শ্রোত নেই?
A. উত্তর ভারত B. উত্তর আটলান্টিক
C. দক্ষিণ ভারত D. দক্ষিণ প্রশান্ত
22. সমুদ্রের জলরাশি প্রতিদ্বিই কোনো একটি সময়ে ধীরে ধীরে ফুলে ওঠে, একে কী বলে?
A. সমুদ্রশ্রোত B. জোয়ার-ভাটা
C. জোয়ার D. ভাটা
23. পৃথিবীর এক অংশে যখন মুখ্য জোয়ার হয় তখন বিপরীত অংশে কোন জোয়ার হয়?
A. ভরা কটাল B. মরা কটাল
C. গৌণ জোয়ার D. প্রত্যক্ষ জোয়ার
24. ১৯৬৬ সালে কোথায় সর্বপ্রথম জোয়ার-ভাটার বৈদ্যুতিক শক্তিকেন্দ্র স্থাপন করা হয়?
A. কানাডার মন্ট্রিলে B. ফ্রান্সের লা-রাস্ক ফাঁড়িতে
C. পাকিস্তানের করাচিতে D. বাংলাদেশের চট্টগ্রামে
25. জোয়ার কয় প্রকার?
A. ২ B. ৩ C. ৪ D. ৫
26. সূর্য ও চাঁদের জোয়ার সৃষ্টি করার ক্ষমতার অনুপাত কত?
A. ৫:১১ B. ১২:৬ C. ১১:৫ D. ১১:৬

উত্তরমালা									
11	C	12	D	13	C	14	D	15	A
16	A	17	D	18	B	19	D	20	C
21	A	22	C	23	C	24	B	25	C
26	A								

নবম অধ্যায়: জীবমণ্ডল

জীবমণ্ডল (Biosphere)

বৈচিত্র্যময় পৃথিবীতে নানা ধরনের জীবের বসবাস। সামগ্রিকভাবে জীবদের একত্রে জীবমণ্ডল বলা হয়।

জীববৈচিত্র্য

জীবের মধ্যে বিদ্যমান সকল প্রকার বৈচিত্র্যময়তাকে জীববৈচিত্র্য বলে। ১৯৮৬ সালে ডব্লিউ রোজেন সর্বপ্রথম জীববৈচিত্র্য শব্দটি ব্যবহার করেন।

বাংলাদেশের বনাঞ্চল

কোনো দেশের অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষার্থে সে দেশের মোট আয়তনের ২৫% বনভূমি থাকা আবশ্যিক। কিন্তু বর্তমানে বাংলাদেশে আছে ১৭.৫০%, যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। দেশের মোট বনভূমির অধিকাংশ খুলনা ও চট্টগ্রাম বিভাগে অবস্থিত।

জলবায়ু ও মৃত্তিকার গুণাগুণের উপর ভিত্তি করে বাংলাদেশের বনভূমিকে ৩ শ্রেণিতে বিভক্ত করা যায়। যথা-

০১. তনুশীল চিরহরিৎ ও পতনশীল পত্রযুক্ত বৃক্ষের বনভূমি

- অবস্থান- বাংলাদেশের দক্ষিণ-পূর্ব ও উত্তর-পূর্বদিকের পাহাড়ি এলাকাসমূহ।
- এলাকা- বান্দরবান, খাগড়াছড়ি, রাঙামাটি, চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার।

০২. পতনশীল পত্রযুক্ত বৃক্ষের বনভূমি

- অবস্থান- দক্ষিণের গাজীপুর থেকে উত্তরের ঠাকুরগাঁও পর্যন্ত এলাকাসমূহ।
- এলাকা- গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও।

০৩. গরান বা শ্রোতজ বনভূমি (সুন্দরবন অঞ্চল)

- অবস্থান- বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাংশে সমুদ্র উপকূলের লবণাক্ত এলাকাসমূহ।
- এলাকা- খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, বরগুনা ও পটুয়াখালী।

বায়োম

বায়োম হলো জীবমণ্ডলের সর্ববৃহৎ একক। ইকোসিস্টেম যখন বৃহৎ এলাকাব্যাপী গড়ে উঠে তখন তাকে বায়োম বলা হয়। নির্দিষ্ট পরিবেশ ও জলবায়ুর প্রভাবে বিশেষ ধরনের উদ্ভিদ ও প্রাণীদের পারস্পরিক ক্রিয়া ও প্রতিক্রিয়ার মাধ্যমে গড়ে উঠা জীবমণ্ডলের বৃহৎ ভৌগোলিক একক বায়োম।

□ বায়োম প্রধানত ৭ প্রকার। এই ৭ প্রকার বায়োম আবার ২ ভাগে বিভক্ত। যথা-

- (ক) ছলজ বায়োম (শস্যক্ষেত্রের বায়োম ও বনভূমির বায়োম)
 - (খ) জলজ বায়োম (স্বাদু পানির বায়োম ও লবণাক্ত পানির বায়োম)
- ◆ শুধুমাত্র বনভূমির বায়োমকে আবার ৪ ভাগে ভাগ করা হয়েছে। যথা-

- ০১. সুন্দরবনের বায়োম
- ০২. মধুপার অরণ্যের বায়োম
- ০৩. চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বায়োম
- ০৪. সিলেট অঞ্চলের বনভূমির বায়োম

চক্র

চক্র	বিশেষ তথ্য
কার্বন চক্র	যে প্রক্রিয়ায় প্রকৃতির কার্বন ডাই-অক্সাইড (CO ₂) গ্যাসরূপে পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশে আবর্তিত হয়ে প্রকৃতির কার্বনের সমতা বজায় রাখে তাকে কার্বনচক্র বলে।
নাইট্রোজেন চক্র	যে জটিল পদ্ধতিতে বায়ু থেকে নাইট্রোজেন মাটিতে এবং মাটি থেকে নাইট্রোজেন পুনরায় বায়ুতে আবর্তিত হওয়ার ফলে পরিবেশে নাইট্রোজেনের পরিমাণের সমতা বজায় থাকে ও জীবদেহে নাইট্রোজেনের চাহিদা পূরণ হয় তাকে নাইট্রোজেন চক্র বলে।

আরো জানতে হবে

- ◆ বনভূমির পরিমাণ সবচেয়ে বেশি- চট্টগ্রাম বিভাগে।
- ◆ বাংলাদেশের মোট কাঠের প্রায় ৬০% আসে- গরান বা শ্রোতজ বৃক্ষের বনভূমি।
- ◆ বাস্তুতন্ত্রের সজীব উপাদান- ৩ প্রকার।
- ◆ ভিন্ন প্রজাতির জীবের বিরাজমান বৈচিত্র্যকে বলা হয়- প্রজাতিগত বৈচিত্র্য।
- ◆ নাইট্রোজেন চক্র সম্পন্ন হয়- ৫টি ধাপে।
- ◆ কার্বন চক্রের যে মৌল ছাড়া জৈব পদার্থ তৈরি হতে পারে না- কার্বন।
- ◆ সর্বমোট বায়োম হলো- ৭ প্রকার।
- ◆ শ্রোতজ বনভূমি রয়েছে- সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট।
- ◆ সুন্দরবনের সুন্দরী বৃক্ষ ব্যবহৃত হয়- ঘরের ও বিদ্যুতের খুঁট হিসেবে এবং নৌকা নির্মাণে।
- ◆ সুন্দরবনের গেওয়া কাঠ ব্যবহৃত হয়- নিউজপ্রিন্ট কাগজ শিল্পে এবং দিয়াশলাই তৈরিতে।
- ◆ সুন্দরবনের ধুন্দল গাছ ব্যবহৃত হয়- পেপিল তৈরিতে।
- ◆ সুন্দরবনের গোলপাতা দিয়ে ঘরবাড়ি নির্মাণ করা হয়।

11. বাংলাদেশের অধিকাংশ বনভূমি কোন অঞ্চল দেখা যায়?
A. সমভূমি B. উচ্চভূমি
C. উপকূলীয় D. নিম্নভূমি
12. বাংলাদেশের কোন অঞ্চলে ম্যানগ্রোভ বনাঞ্চল অবস্থিত?
A. সোপান B. দোয়াব
C. উপকূল D. পাহাড়ি
13. বাংলাদেশে বনভূমির পরিমাণ শতকরা কত?
A. ১০.৫০ B. ১৫.২৫
C. ১৭.৫০ D. ১৯.৫০
14. UNESCO কত সালে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে?
A. ২০০১ B. ১৯৯৯ C. ১৯৯৭ D. ১৯৯৫
15. কোন দেশের অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য বজায় রাখতে কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন?
A. ২৫ B. ২৬ C. ২৭ D. ২৮
16. টেক্সটাইল ও অন্যান্য মিলে মাড় দেওয়ার কাজে কোন বৃক্ষটি ব্যবহৃত হয়?
A. চাপালিশ B. গর্জন C. ছাতিম D. শাল
17. ক্ষয়ক্ষতির প্রাথমিক খাদক কোনটি?
A. সাপ B. বাজপাখি C. ইঁদুর D. ব্যাঙ
18. কোনটি Endemic জীব?
A. কুমির B. বাঘ C. ময়না D. কালো বানর
19. কোন নদীর অববাহিকায় সবচেয়ে বড় বন অবস্থিত?
A. কঙ্গো B. ব্রহ্মপুত্র C. নীলনদ D. আমাজন
20. কোনটি তৃনভূমি অঞ্চলের প্রাণী?
A. ঘোড়া B. জিরাফ C. ঙ্গল D. খরগোশ
21. বাংলাদেশে শরৎ ও শীতকালে তাপমাত্রা কত থাকে?
A. ১০°-২০°C B. ১২°-২২°C
C. ১৪°-২৬°C D. ১৫°-২৮°C
22. খাদ্য জীবনধারণের জন্য কিসের জন্য নির্ভরশীল?
A. সূর্য B. পরিবেশ
C. উৎপাদক D. বিয়োজক
23. বিয়োজকের সংখ্যা কোন ইকোসিস্টেমে কম থাকে?
A. সমুদ্রের B. তৃণক্ষেত্রের
C. অরণ্যের D. মরুভূমির
24. কোন প্রকার অধিক জীববৈচিত্র্য দেখা যায়?
A. শুষ্ক ও গ্রীষ্মমণ্ডলীয় B. আর্দ্র ও শুষ্কমণ্ডলীয়
C. শুষ্ক ও আর্দ্রমণ্ডলীয় D. আর্দ্র ও উষ্ণমণ্ডলীয়

উত্তরমালা	01	02	03	04	05
01	B	C	C	C	A
06	C	C	D	D	D
11	A	C	D	D	

15. পর্যাপ্ত পানি জমা রাখার জন্য কোন জাতীয় উদ্ভিদের কাণ্ড রসালো থাকে?
A. লাইকেন B. মস
C. ক্যাকটাস D. ফার্ন
16. জীবের সাথে জড় মাধ্যম ও পরিবেশের দৃশ্যমান ও অদৃশ্যমান উপাদান কী নামে পরিচিত?
A. বায়োস B. খাদ্য শৃঙ্খল
C. বাস্তুতন্ত্র D. জীববৈচিত্র্য
17. সাভানা তৃণভূমি কোথায়?
A. দক্ষিণ আফ্রিকায় B. অস্ট্রেলিয়ায়
C. মধ্য আফ্রিকায় D. দক্ষিণ আমেরিকায়
18. মরুভূমি অঞ্চলে বাৎসরিক বৃষ্টিপাতের পরিমাণ ন্যূনতম কত সে.মি.?
A. ৫০ B. ৪০ C. ৩০ D. ২০
19. উপকূলীয় অঞ্চলে একটি গুরুত্বপূর্ণ পরিবেশীয় নিয়ামক কী?
A. বৃষ্টিপাত B. জলোচ্ছ্বাস
C. জোয়ার-ভাটা D. বায়ুপ্রবাহ
20. CFC কোন স্তরকে ধ্বংস করছে?
A. আয়ন B. জীব C. ওজোন D. বায়ু
21. হ্রদের উপরের মুক্ত অঞ্চলকে কী বলে?
A. বাই লিটোরাল অঞ্চল B. প্রোফাভ অঞ্চল
C. লিমোনটিক অঞ্চল D. লিটোরাল অঞ্চল
22. অ্যামিনো এসিড কোথায় ব্যবহৃত হয়?
A. সালোকসংশ্লেষণ B. ব্যাকটেরিয়া শ্বসনে
C. এনজাইম সংশ্লেষণে D. নাইট্রেট সংশ্লেষণ
23. মাটি ও বায়ুর অণুজীব যারা মৃতদেহ বিয়োজিত করে অজৈব পদার্থে পরিণত করে তাদেরকে কী বলে?
A. ব্যাকটেরিয়া B. বিয়োজক C. উৎপাদক D. খাদক
24. প্রাণিদেহের নাইট্রোজেনঘটিত বর্জ্য পদার্থ কোন প্রক্রিয়ায় ব্যাকটেরিয়া দ্বারা শোষিত হয়?
A. নাইট্রিফাইং B. অ্যামোনিফাইং
C. অ্যাসিমিলেশন D. ডিনাইট্রিফাইং
25. মাটির কোন উপাদানটি পানিতে দ্রবীভূত হয়ে উপরে ওঠে এসে মাটিকে অনুর্বর করে তোলে?
A. লৌহ B. ফসফরাস C. ক্যালসিয়াম D. লবণ
26. শামুক ও বিনুকের খোলস তৈরি হয় কী দিয়ে?
A. কার্বন ডাই-অক্সাইড B. কার্বনেট
C. কার্বন D. C₆H₁₂O₆
27. কোনটি জীবদেহের কাঠামো গঠনে সাহায্য করে?
A. সালফার B. ক্যালসিয়াম C. কার্বন D. অক্সিজেন

উত্তরমালা									
15	C	16	C	17	C	18	A	19	C
20	C	21	C	22	C	23	B	24	B
25	D	26	B	27	C				

দশম অধ্যায়: ব্যবহারিক মানচিত্র ও স্কেল

নকশা

যখন কোনো জিনিসের রাস্তার বা স্থানের আকৃতি বা অবস্থিতি ভাষায় সুস্পষ্টরূপে বুঝাতে পারি না তখন চিত্র অঙ্কন করে তা বুঝানোর চেষ্টা করি, এরূপ চিত্রকে নকশা বলে।

মানচিত্র

ইংরেজি 'Map' শব্দের বাংলা প্রতিশব্দ 'মানচিত্র'। ল্যাটিন শব্দ 'Mappa' থেকে 'Map' শব্দটি এসেছে। ল্যাটিন ভাষায় কাপড়ের টুকরাকে 'Mappa' বলে। আগেরকার দিনে কাপড়ের উপরই 'Map' বা মানচিত্র আঁকা হতো। পৃথিবীর বিভিন্ন মহাদেশ, মহাসাগর অথবা তাদের বিভিন্ন অংশের সীমা, আয়তন, অবস্থান এবং তাদের পরস্পরের দূরত্ব বুঝানোর জন্য সমগ্র ভূপৃষ্ঠের অথবা তার অংশবিশেষের নকশা প্রস্তুত করা হয়। ঐ নকশাকে মানচিত্র বলে। অন্যভাবে বলা যায়, পৃথিবী অথবা এর কোনো অংশের প্রতিকৃতি নির্দিষ্ট স্কেলে, অক্ষরেখা ও দ্রাঘিমা রেখাসহ সমতল কাগজের ওপর অঙ্কন করা হলে তাকে মানচিত্র বলে।

এটলাস

একক বা বিভিন্ন বিষয়ের ওপর তৈরি অনেকগুলো মানচিত্র সম্বলিত বইকে এটলাস বা মানচিত্রের বই বলে।

মাপনী বা স্কেল

মানচিত্রে যে কোনো দুটি স্থানের মধ্যে দূরত্ব এবং ভূপৃষ্ঠ বা ভূমিভাগে ঐ দুটি স্থানের মধ্যে প্রকৃত দূরত্বের যে অনুপাত বা সম্পর্ক তাকে মাপনী বা স্কেল বলে। স্কেল হল দুটি দূরত্বের অনুপাত বা সম্পর্ক।

নোট: কোনো মানচিত্র বা নকশায় ৩টি উপায়ে স্কেল ব্যবহার করে অবস্থান ও দূরত্ব নির্ণয় করা হয়। যথা- (১) বর্ণনার সাহায্যে (০২) রেখাচিত্র অঙ্কনের সাহায্যে এবং (০৩) প্রতিভূ অনুপাতের বা সংখ্যা সূচক ভগ্নাংশের সাহায্যে। [সূত্র: অক্ষরপত্র প্রকাশনীর ভূগোল প্রথম পত্র]

◆ স্কেলের ব্যবহারিক গুরুত্ব, প্রায়োগিক ধারা এবং পরিমাপের সূক্ষ্মতার ভিত্তিতে স্কেল প্রধানত ৫ প্রকার। যথা-

■ সরল স্কেল	■ কর্ণীয় স্কেল
■ সময় নির্দেশক স্কেল	■ ভার্নিয়ার স্কেল
■ তুলনামূলক স্কেল	

এ অধ্যায়ের আরো অন্যান্য তথ্য

- ◆ ভূমির সাংকেতিক প্রতিচ্ছবি হলো- মানচিত্র।
- ◆ পৃথিবীর প্রথম মানচিত্র আঁকার চেষ্টা করেন- অ্যানাক্সিম্যান্ডার।
- ◆ অ্যানাক্সিম্যান্ডারের মানচিত্র উন্নত করেন- হেক্টিয়াস অব মিলেটাস।
- ◆ গ্রিক বীর আলেকজান্ডারের সাম্রাজ্যের মানচিত্র আঁকেন- রাতোসথিনেস।
- ◆ বিমান চলাচল সংক্রান্ত মানচিত্র অঙ্কন করা হয়- বিভিন্ন পথ নির্দেশক চিহ্ন ও রং ব্যবহার করে।
- ◆ সাধারণত স্কেল- ৩ প্রকার।
- ◆ মানচিত্রের সংকোচন ও সম্প্রসারণ করতে ব্যবহৃত পদ্ধতি- ২টি।
- ◆ পৃথিবীর সকল দেশে ব্যবহারযোগ্য স্কেল- প্রতিভূ অনুপাত স্কেল।
- ◆ সর্বপ্রথম মানচিত্র অঙ্কন করা হয়- মিসরে (জমির সীমানা নির্ধারণের জন্য)।
- ◆ আলোর মতো গোলাকার পৃথিবী সমুদ্রের ওপর ভাসছে বলে ধারণা করতো যারা- ব্যাবিলোনিয়রা (ব্যাবিলোনিয়রা বৃত্তকে ডিহ্রিতে ভাগ করার কৌশল আবিষ্কার করে)।
- ◆ মানচিত্র অঙ্কন পদ্ধতির উন্নতি হয়- গ্রিকদের সময়কালে।
- ◆ ভ্রমণকারীদের মানচিত্র তৈরি করেন- ডারমেনিস।
- ◆ প্রশাসনিক কাজের জন্য প্রশাসনিক ও সামরিক মানচিত্র অঙ্কন করেছিলেন- রোমানরা (রোমানদের অঙ্কিত মানচিত্রকে বলা হতো- টাবুলা)।
- ◆ পৃথিবীর আকৃতি সম্পূর্ণ গোল এবং স্থাল ও সমুদ্রের সমন্বয়ে গঠিত বলে ধারণা প্রদান করেন- গ্রিক ভূগোলবিদ টলেমি (২৬টি আঞ্চলিক মানচিত্র অঙ্কন করেন)।
- ◆ ডাচ মানচিত্রবিদ্যার জনক- মার্কটের।
- ◆ মুসলমানদের মধ্যে প্রথম দিকে মানচিত্র অঙ্কন করেন- আল-ইদ্রিস।
- ◆ মানচিত্র ছোট বা বড় করা যায় কোন যন্ত্রের সাহায্যে- পেট্রোগ্রাফ।
- ◆ প্রাথমিক পর্যায়ে মানচিত্র আঁকা হতো- কাপড়ের উপর।
- ◆ ভূপৃষ্ঠের কোনো বৃহৎ বা ছোট অঞ্চলকে উপস্থাপন করে- মানচিত্র।
- ◆ কোনো দেশের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারের জন্য দরকার- মানচিত্র।
- ◆ সেনাবাহিনী যে ধরনের মানচিত্র ব্যবহার করে- স্থানীয়।
- ◆ যুদ্ধের সময় যে মানচিত্রটির ব্যবহার সীমিত করা হয়- স্থানীয় বৈচিত্রসূচক।
- ◆ তুলনামূলক মাপনী- ৪ প্রকার।
- ◆ মানচিত্রের সংকোচন ও প্রসারণের সূত্র-
নতুন মানচিত্রের স্কেল
পুরাতন মানচিত্রের স্কেল।
- ◆ উল্লেখ্য মাপনী যে কাজে ব্যবহৃত হয়- ক্যামেরার উচ্চতা নির্ধারণে।
- ◆ ১ মাইল সমান- ৬৩,৩৬০ ইঞ্চি।
- ◆ প্রত্যেক মানচিত্রে থাকা উচিত- রৈখিক মাপনী।

01. আগের দিনে কীসের ওপর মানচিত্র আঁকা হতো?
A. পাথর B. কাগজ
C. কাপড় D. মাটি
02. ল্যাটিন ভাষায় কাপড়ের টুকরাকে কী বলে?
A. mapa B. map
C. mape D. mappa
03. ভূগোলবিদের প্রধান হাতিয়ার কোনটি?
A. নকশা B. মানচিত্র
C. কম্পিউটার D. স্কেল
04. ভূপৃষ্ঠের কোনো বৃহৎ বা ছোট অঞ্চলকে উপস্থাপন করে কোনটি?
A. ভূগোল B. পেন্টেগ্রাফ C. মানচিত্র D. এইডেডোগ্রাফ
05. কোনো দেশের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারের জন্য কোনটি দরকার?
A. মানচিত্র B. নজরদারি C. বনায়ন D. ব্যবস্থাপনা
06. কোনো দেশের আঞ্চলিক ভূগোলের ধারাবাহিক বর্ণনা করা যায় কোন মানচিত্রের সাহায্যে?
A. মৌজা B. স্থানীয় বৈচিত্র্যসূচক
C. দেওয়াল D. ভূচিত্রাবলি
07. সেনাবাহিনী কোন ধরনের মানচিত্র ব্যবহার করে?
A. মৌজা B. প্রাকৃতিক বিষয়ক
C. দেওয়াল D. স্থানীয়
08. যুদ্ধের সময় কোন মানচিত্রটির ব্যবহার সীমিত করা হয়?
A. ভূচিত্রাবলি B. স্থানীয় বৈচিত্র্যসূচক
C. মৌজা D. দেওয়াল
09. ভূনামূলক মাপনী কয় প্রকার?
A. ২ B. ৩ C. ৪ D. ৫
10. ভৌগোলিক মানচিত্র পরিমাপের জন্য বৃত্তলেখ অঙ্কনের উদ্দেশ্যে কোন মাপনী ব্যবহার করা হয়?
A. ঢাল B. বর্গমূল C. ঘনমূল D. উল্লম্ব
11. পরিসংখ্যান মানচিত্রে স্বতন্ত্র পরিমাণ দেখাবার জন্য বৃত্তের পরিবর্তে গোলক অঙ্কনের ক্ষেত্রে কোন মাপনী ব্যবহার করা হয়?
A. ঢালের B. বর্গমূলের
C. ঘনমূলের D. উল্লম্বের
12. যখন কোনো স্থানের বিভিন্ন অংশ ক্ষুদ্রাকার মানচিত্রে প্রদর্শনের প্রয়োজন পড়ে তখন কোন স্কেল ব্যবহৃত হয়?
A. সরল B. কর্ণীয় C. ভার্নিয়ার D. রৈখিক
13. উল্লম্বের মাপনী কী কাজে ব্যবহৃত হয়?
A. ক্যামেরার উচ্চতা নির্ধারণে B. গোলক অঙ্কনে
C. বৃত্তলেখ অঙ্কনে D. ভূদৃশ্য অঙ্কনে

14. মানচিত্র ছোট বা বড় করা যায় কোন যন্ত্রের সাহায্যে?
A. পেন্টেগ্রাফ B. স্পিডোমিটার
C. ওপিসোমিটার D. ন্যানোমিটার
15. কোন প্রকার স্কেল পৃথিবীর সকল দেশের জন্য ব্যবহারযোগ্য?
A. বর্ণনামূলক B. রৈখিক
C. প্রতিভূ অনুপাত D. সরল
16. প্রতিভূ অনুপাতের প্রথম অংশকে কী বলে?
A. মুখ্য B. গৌণ C. লব D. হর
17. প্রতিভূ অনুপাতের দ্বিতীয় অংশকে কী বলে?
A. মুখ্য B. গৌণ C. হর D. লব
18. ১ মাইল সমান কত ইঞ্চি?
A. ৬৩,৩৬০ B. ৬৩,৬৩০
C. ৬৪,৩৬০ D. ৭৪,৩২০
19. মানচিত্রের প্রতিভূ অনুপাতকে ইংরেজিতে কোনটি দ্বারা প্রকাশ করা হয়ে থাকে?
A. Represent Fraction B. Reported Fraction
C. Representative Fraction
D. Representitive Fraction
20. পরিমাপের সুবিধার জন্য মুখ্য বিভাগগুলো শূন্য (০) দাগের কোন দিকে অঙ্কন করতে হয়?
A. ডান B. বাম
C. মধ্য D. যে কোনো এক পাশে
21. মানচিত্রের দুটি স্থানের দূরত্ব নির্ণয় করা যায় কীসের সাহায্যে?
A. কর্ণীয় মাপনী B. চাঁদা
C. কাটা কম্পাস D. পেন্সিল কম্পাস
22. প্রত্যেক মানচিত্রে কোন ধরনের মাপনী থাকা উচিত?
A. রৈখিক B. বর্গীয় C. ভার্নিয়ার D. কর্ণীয়
23. সরল স্কেল অঙ্কন করতে একটি সরলরেখাকে কয়টি অংশে বিভক্ত করা হয়?
A. ২ B. ৩ C. ৫ D. ৭
24. কর্ণীয় স্কেলে পাঠ গ্রহণের সূক্ষ্মতা নির্ভর করে কোনটির উপর?
A. অঙ্কন সতর্কতা B. প্রতিভূ অনুপাত
C. কর্ণের সংখ্যা D. আয়তক্ষেত্রের বিভাজন
25. মানচিত্রের সংকোচন ও প্রসারণের সূত্র কোনটি?
A. $\frac{\text{পুরাতন মানচিত্র অনুপাত}}{\text{নতুন মানচিত্র অনুপাত}}$ B. $\frac{\text{নতুন মানচিত্র অনুপাত}}{\text{পুরাতন মানচিত্র অনুপাত}}$
C. $\frac{\text{নতুন মানচিত্রের স্কেল}}{\text{পুরাতন মানচিত্রের স্কেল}}$ D. $\frac{\text{পুরাতন মানচিত্রের স্কেল}}{\text{নতুন মানচিত্রের স্কেল}}$

উত্তরমালা					
01	C	02	D	03	B
06	B	07	D	08	B
11	C	12	B	13	A

উত্তরমালা					
14	A	15	C	16	C
19	A	20	A	21	A
24	C	25	C	22	A